



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)


স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৭৭৬.১৪-৬৯১

তারিখঃ ০৯/১০/২০১৭ খ্রিঃ

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পে নিয়োজিত সকল কর্মকর্তা/কর্মচারীদের প্রকল্প কার্যক্রম সামাজিক মাধ্যমসহ অন্যান্য মাধ্যমে প্রচার কাজে সহায়তাসহ মাঠ সংগঠকদের সমিতি পর্যায় হতে সুফলভোগীদের কাছ থেকে কিস্তিতে আদায়কৃত সঞ্চয় ও ঋণের অর্থ অনলাইনে ট্যাবের মাধ্যমে এন্ট্রি দেয়া, হিসাব সহকারীদের সকল আর্থিক কার্যাদি অনলাইনে পোষ্টিং এবং অন্যান্য কাজে ব্যবহারে জন্য এআরডিও-দের প্রকল্প হতে গ্রামীন ফোনের ইন্টারনেট সিম সরবরাহ করা হয়েছে। প্রকল্প হতে প্রতিটি সিমের বিপরীতে শুধুমাত্র ইন্টারনেট বিল বাবদ অর্থ প্রতি মাসে মোবাইল কোম্পানিকে পরিশোধ করা হয়, তাই উক্ত সিমটির মাধ্যমে কথা বলতে হলে প্রত্যেকে নিজস্ব অর্থ ব্যয় করে ব্যবহার করতে হবে। ইতোপূর্বে বাংলালিংক মোবাইল নাম্বারের মাধ্যমে প্রকল্প দপ্তর হতে প্রকল্পের কার্যক্রম মনিটরিংসহ মাঠ সংগঠকের সমিতি পর্যায়ে গমনের বিষয়টি মনিটরিং করা হলেও বর্তমানে গ্রামীন ফোন এর ইন্টারনেট সিমটির মাধ্যমে মনিটরিং করা হচ্ছে। তাই প্রত্যেকে প্রয়োজনে বাংলালিংক এর পূর্বের পদানকৃত সিমটি ফ্রেন্ডলি সিম হিসেবে নিজ নামে নতুন করে মোবাইল কোম্পানি হতে রেজিস্ট্রেশন করে ব্যক্তিগত কাজে ব্যবহার করতে পারবেন (নিজ দায়িত্বে); কিন্তু দাপ্তরিক তথা প্রকল্পের কাজে অবশ্যই সার্বক্ষনিক গ্রামীন ফোন এর ইন্টারনেট সিমটি কথা বলা ও ইন্টারনেট ব্যবহারের কাজে অবশ্যই ব্যবহার করতে হবে (এআরডিওগন মোবাইল ফোনে, হিসাব সহকারীগন মডেমে, মাঠ সংগঠকগন সার্বক্ষনিক ট্যাবে)। অন্যথায় গ্রামীন ফোন হতে সর্বস্বত্বকৃত সিমটি বন্ধ পাওয়া গেলে অথবা ব্যবহার করা না হলে অথবা বিনা অনুমোদন ব্যতিত কর্ম এলাকার বাহিরে অবস্থান করলে তাকে উক্ত দিনে কর্মস্থলে অনুপস্থিত বিবেচনা করে উক্ত দিনের বেতন-ভাতা কর্তনসহ প্রশাসনিক ব্যবস্থা গ্রহন করা হবে।

২। প্রকল্পের স্বার্থে এ আদেশ জারি করা হলো। ইহা অবিলম্বে কার্যকর হবে।

  
প্রকৌশলী মোহাম্মদ শাহেদুল আলম  
প্রকল্প পরিচালক  
ইরেসপো, বিআরডিবি, ঢাকা

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মাঠ সংগঠক (সকল), ইরেসপো, বিআরডিবি।
২. হিসাব সহকারী (সকল), ইরেসপো, বিআরডিবি।
৩. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল), ইরেসপো, বিআরডিবি।
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, প্রকল্পভূক্ত সকল উপজেলা, বিআরডিবি।
৫. উপপরিচালক, প্রকল্পভূক্ত সকল জেলা, বিআরডিবি।
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৭. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৮. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৯. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।